

- ৬। ‘যোগ কলন্দর’ কাব্যের সূত্রে বাংলার সুফী ধর্মের সঙ্গে যোগসাধনার সম্পর্কটি বুঝিয়ে দাও।

অথবা

- ৭। দৌলতউজির বাহারাম খানের ‘লায়লী-মজনু’ কাব্যের ঘটনাস্থল আরব-কেন্দ্রিক হওয়া সত্ত্বেও এই কাব্যে বাংলার জীবন-সংস্কৃতির নানা প্রসঙ্গ উঠে এসেছে। এই বিষয়ে তোমার মতামত দাও।

## কলাস্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ৩.৫২বি (ঐচ্ছিক)

ইসলাম ধর্মনির্ভর সংস্কৃতি ও বাংলা সাহিত্য

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের। ১০x৩=৩০

- ১। আরবি-ফারসি থেকে বাংলায় অনুবাদ ও অনুকৃতির মধ্যে দিয়ে যেভাবে ইসলামি ধারণাগুলি বঙ্গদেশে এসেছে তার দ্বারা কি মধ্যযুগে ইসলাম প্রসারের প্রক্রিয়াটি বিচার করা যায়? তোমার মতামত জানাও।

অথবা

- ২। দৃষ্টান্তসহ বাংলায় লোকপ্রিয় ইসলামের স্বরূপ উল্লেখ করে এর জনপ্রিয়তার কারণগুলি সংক্ষেপে আলোচনা করো।
- ৩। মধ্যযুগে মুসলমান ধর্মীয়তা ও সংস্কৃতি কি একটি একমাত্রিক ধারণা? না কি ইসলামি সাহিত্যের দিকে তাকালে ষোড়শ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত মুসলমান ভাষিক ও সাহিত্যিক গোষ্ঠী গঠনের নানা পর্যায়কে লক্ষ করা যায়? ইসলামি ব্যবহারশাস্ত্র ও জঙ্গনামার ভাষা ব্যবহারকে কেন্দ্রে রেখে বিষয়টি আলোচনা করো।

অথবা

- ৪। বাংলার যেকোনো দুটি সাহিত্যধারার আলোচনা প্রসঙ্গে মধ্যযুগে হিন্দু-মুসলমান যুক্ত সাধনার প্রসঙ্গটি কিভাবে তুমি বুঝেছ জানাও।
- ৫। পীর সাহিত্যের স্বরূপ ও বৈশিষ্ট্য উল্লেখ করে বাংলা পীর কাহিনির প্রধান অভিমুখ বিষয়ে আলোচনা করো।